প্রথম আলো

# মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

বনানী শাখা, ঢাকা।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৭) ধারা মোতাবেক মালিকানা সনদপ্রাপ্ত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., বনানী শাখা, ঢাকা-এর খেলাপী ঋণ গ্রহীতা পারিসা ট্রেড সিস্টেম লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, ঠিকানা : সাব্বির টাওয়ার (৪র্থ তলা), ৩/৪ এ পুরানা পল্টন, ঢাকা ও অনান্য বিবাদীগণের এর নিকট প্রাপ্য অর্থ আদায়ের লক্ষ্যে ব্যাংক কর্তৃক বিজ্ঞ অর্থঋণ আদালত নং-০২, ঢাকা বরাবর দায়েরকৃত অর্থঋণ জারী মামলা নং-২১০/২০১৫ (অর্থঋণ মোকদ্দমা নং-২৮০/২০১৩ হতে উদ্ভুত) মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক গত ২৪/০৫/২০২২ ইং তারিখে ইস্যুকৃত ডিক্রীদার ব্যাংকের অনুকূলে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তির মালিকানা স্বত্ব ব্যাংকের বরাবরে ন্যস্ত হয়। উক্ত সম্পত্তি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাগণ হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে তফসিলভুক্ত সম্পত্তি ও তদস্থিত যাবতীয় নির্মাণাদি (বর্তমানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### নিলামের শর্তাবলী :

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৮.১০.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., বনানী শাখা, ঢাকা-তে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তার/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., বনানী শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য থাকে যে, তফসিলোক্ত ৩টি ফ্ল্যাট ও আনুপাতিক হারে জমির জন্য পৃথক দরপত্রের বিপরীতে পৃথক পৃথক পে-অর্ডার দাখিল করা যাবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের আগে প্রয়োজনে ব্যাংকে রক্ষিত তফসিলোক্ত সম্পত্তির দলিলাদী যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র গৃহীত হওয়ার পরে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য নহে।

৬. দরপত্র গৃহীত হওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, পরিমাণ, প্রকৃতি, অবস্থা, অবস্থান, স্বত্ব ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭. সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির মূল্য সংযোজন কর (VAT), ট্যাক্স ও উৎসে কর-সহ যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

৮. তফসিলোক্ত জমি নামজারী করতে প্রয়োজনীয় সকল খরচাদি সফল ক্রেতাকে বহন করিতে হবে।

৯. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, তিতাস, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।

১০. সফল দরদাতাকে বিধি মোতাবেক তফসিলভুক্ত জমির দখল বুঝাইয়া দেওয়া হবে।

১১. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করতে পারবেন।

### ব্যাংকের অনুকূলে মালিকানা সনদপ্রাপ্ত সম্পত্তির তফসিলঃ

জেলাঃ ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিসঃ উত্তরা, মৌজাঃ বাইলজুরী স্থিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক প্রস্তুতকৃত উত্তরা মডেল টাউন-এর লে-আউট প্ল্যান মোতাবেক প্লট/দাগ নং-৪০, রোড নং-০৯, সেক্টর-১১, গরীবে নেওয়াজ এভিনিউ এর ০৩ টি ফ্ল্যাট (সি-০২, ডি-০২, ই-০২) এবং ০৩ টি কার পার্কিং সহ প্রতিটি ফ্ল্যাটের আয়তন ১৫২৩.৬১ বর্গফুট; মোট (১৫২৩.৬১ x ৩)= ৪৫৭০.৮৩ বর্গফুট; তৎসহ প্রতি ফ্ল্যাটের বিপরীতে অবিভক্ত ও অচিহ্নিত আনুপাতিক হারে জমির পরিমাণ ০.৫০ কাঠা বা ০০.৮২৫ শতাংশ এবং মোট জমির পরিমাণ (০০.৫০ x ৩)= ১.৫০ কাঠা বা ২.৪৭৫ শতাংশ।

**পক্ষে : ভিপি এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., বনানী শাখা, ঢাকা।**

**ফোন : ০৯৬১২১৪২১০৬, মোবাইল : ০১৭১১-৫৩৫৯৫৪**